

তারিখ
পৃষ্ঠা
কলাম

বাস অবরোধ

শা.বি সংবাদদাতা : শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্রছাত্রীরা গত মঙ্গলবার বিকালে ক্যাম্পাসে বাস অবরোধ করে রাখে। পরবর্তী সময়ে কর্তৃপক্ষের আশ্বাসে অবরোধ তুলে নেয়।

নতুন সেমিস্টারে আরো হাজারখানক ছাত্র ভর্তি হওয়ার ফলে শা.বিতে পরিবহন সংকট এখন চরমে। মঙ্গলবার বিকালে ৫টা সকল সেমিস্টারের ক্লাস শেষ হওয়ার পর বিশ্ববিদ্যালয়ের ৫টি বাস ও ভাড়া করা ৬টি মিনিবাসে সকল ছাত্রছাত্রীর স্থান সংকুলান না হওয়ায় অনেক ছাত্রছাত্রী বাসে উঠতে পারেনি। বিশ্ববিদ্যালয় খোলার পর থেকেই এরকম ঘটনা নিয়মিত হচ্ছে। ফলে অনেক ছাত্রছাত্রীকে অনেক কষ্ট করে মেসে বা বাসায় ফিরতে হচ্ছে। রুটিনমাসিক এ ঘটনার ফলে সাধারণ ছাত্রছাত্রীরা কন আটকিয়ে দেয়। পরবর্তী সময়ে সাধারণ ছাত্রছাত্রীরা ভাইস চ্যান্সেলর, প্রো-ভাইস চ্যান্সেলর, রেজিস্ট্রার ও পরিবহন প্রসাসকের সঙ্গে ভিসির কার্যালয়ে দেখা করে এবং তাদের আশ্বাসে অবরোধ তুলে নেয়।